

ঢাকা ওয়াসা

বিষয়ঃ “পাম্প পরিচালনা ও রক্ষনাবেক্ষণ”-শীর্ষক প্রশিক্ষণ (১৭ তম এবং ১৮ তম কোর্স) আয়োজন প্রসঙ্গে।

১. বর্ণিত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২৬ অর্থ বছরের প্রণীত এবং ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত প্রশিক্ষণ পরিকল্পনা অনুযায়ী ঢাকা ওয়াসার মডস জোনসমূহে আউটসোর্সিং হিসেবে কর্মরত পাম্প চালকদের (পিও) জন্য ০১ (এক) কর্ম-দিবসব্যাপী “পাম্প পরিচালনা ও রক্ষনাবেক্ষণ”-শীর্ষক প্রশিক্ষণ ১৭ তম কোর্স আগামী ১৯ নভেম্বর’২০২৫ এবং ১৮ তম কোর্স আগামী ২০ নভেম্বর’২০২৫ তারিখে সকাল ০৯.০০ টা হতে বিকাল ০৫.০০ টা পর্যন্ত সময়ে ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজন করা যেতে পারে। কোর্সটিতে অংশগ্রহণকারী আউটসোর্সিং হিসেবে কর্মরত পাম্প চালকগণ যাতে পাম্প পরিচালনা ও রক্ষনাবেক্ষণ, মিটার সম্পর্কে সার্বিক ধারণা, ক্লোরিনেশন সিস্টেম এবং তদসংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি সম্পর্কে সম্যক তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান লাভ করতে পারে, সে আলোকে কোর্স প্রোগ্রাম প্রণয়ন করা হয়েছে (সংযুক্তি-১)। কোর্সটিতে ঢাকা ওয়াসার সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ ও পারদর্শী কর্মকর্তাদের বক্তৃতা প্রদানের জন্য আমন্ত্রণ জানানো হবে। উক্ত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট মডস জোন সমূহের নির্বাহী প্রকৌশলীগণ কর্তৃক প্রেরিত তালিকা থেকে প্রশিক্ষণার্থীগণের তালিকা প্রস্তুত করা হয়েছে (সংযুক্তি-২)।

উক্ত প্রশিক্ষণ সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

ক্র. ন	খাত	সম্ভাব্য ব্যয়	বিবরণ
১.	প্রশিক্ষকদের সম্মানী	২৪,০০০/-	(৪ সেশন ৩,০০০/- টাকা হারে) X ২ টি কোর্স
২.	প্রশিক্ষণার্থীদের ভাতা	২৪,০০০/-	(২০ জন, ১ দিন, ৬০০/- হারে) X ২ টি কোর্স
৩.	কোর্স পরিচালকের সম্মানী	৪,০০০/-	(২,০০০/- টাকা হারে) X ২ টি কোর্স
৪.	কোর্স সমন্বয়কের সম্মানী	৩,০০০/-	(১,৫০০/- টাকা হারে) X ২ টি কোর্স
৫.	সাপোর্ট স্টাফের সম্মানী	৪,০০০/-	(২ জন, ১ দিন X ১,০০০/- টাকা হারে) X ২ টি কোর্স
৬.	প্যাড ও কলম	৩,৬০০/-	(২০ জন X ৯০/- টাকা হারে) X ২ টি কোর্স
৭.	পাটের তৈরী ব্যাগ	১১,০০০/-	(২০ জন X ২৭৫/- টাকা হারে) X ২ টি কোর্স
৮.	২ বেলা নাস্তা ও দুপুরের খাবার (প্রশিক্ষণার্থী, বক্তা ও স্টাফসহ)	২৭,০০০/-	(২৭ জন, ১ দিন X ৫০০/- টাকা হারে) X ২ টি কোর্স
৯.	পানি	১,৩৫০/-	(৫ কেস X ১৩৫/- টাকা হারে) X ২ টি কোর্স
১০.	ফিল্ড ভিজিট, ফটোকপি, মুদ্রামাল ও বিবিধ ব্যয়	৭,০০০/-	২ টি কোর্স
২ টি কোর্সের মোট ব্যয়=		১,০৮,৯৫০/-	

সর্বমোট = ১,০৮,৯৫০/- (এক লক্ষ আট হাজার নয়শত পঞ্চাশ) টাকা মাত্র।

২. এমতাবস্থায়, ২ টি কোর্সে সর্বমোট ৪০ (চল্লিশ) জন প্রশিক্ষণার্থীর মনোনয়ন, কোর্স প্রোগ্রাম, কোর্স আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে স্থানীয় প্রশিক্ষণ খাতের বরাদ্দ হতে ২ টি কোর্সে সর্বমোট = ১,০৮,৯৫০/- (এক লক্ষ আট হাজার নয়শত পঞ্চাশ) টাকা মাত্র ব্যয়ের এবং প্রযোজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশি হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। কোর্স সমাপ্তির পর সমুদয় অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

নোটানুচ্ছেদ ১-২ সদয় অনুমোদনের জন্য সর্বিনয়ে পেশ করা হল।

২২/১০/২৫

মোশাররফ হোসেন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(প্রশাসন ও অর্থ)
প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ওয়াসা

এ.এম. সাদিক ডারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
ঢাকা ওয়াসা।

DMD (HR & ADMIN) SIR, PLS.

মো: আমিরুল ইসলাম
(যুগ্মসচিব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা

উপ-ব্যবস্থাপনা পরিচালক
মানবসম্পদ ও প্রশাসন

মোঃ শাহজাহান মিয়া
অতিরিক্ত সচিব
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।